

২০২৪-২৫ শিক্ষাবর্ষে নতুন পাঠ্যসূচি (CCF-2022) নিয়মের ভিত্তিতে
নিম্নোক্ত কোর্সগুলিতে পশ্চিমবঙ্গ সরকারের সেন্ট্রালাইজড অনলাইন
অ্যাডমিশন পোর্টাল-এর মাধ্যমে ভর্তির আবেদন গ্রহণ করা হচ্ছে।

- ১। সেমেস্টার ভিত্তিক ৪ বছরের বি. এ. (অনার্স এবং রিসার্চ সহ অনার্স)।
- ২। সেমেস্টার ভিত্তিক ৩ বছরের বি. এ. Multidisciplinary Course (সাধারণ কোর্স)।
- ৩। সেমেস্টার ভিত্তিক ৪ বছরের বি. কম. (অনার্স এবং রিসার্চ সহ অনার্স)।
- ৪। সেমেস্টার ভিত্তিক ৩ বছরের বি. কম. কোর্স।

অনলাইনে আবেদন গ্রহণ এবং ভর্তির নির্ঘণ্ট

	বিষয়	তারিখ
১।	অনলাইনে আবেদন পত্র গ্রহণের জন্য পোর্টাল খোলার তারিখ	২৪-০৬-২০২৪
২।	অনলাইনে আবেদন পত্র গ্রহণের শেষ তারিখ	০৭-০৭-২০২৪
৩।	মেধাতালিকা প্রকাশের তারিখ	১২-০৭-২০২৪
৪।	প্রথম পর্যায়ের ভর্তির জন্য মেধাতালিকা অনুযায়ী অনলাইনে ভর্তির তারিখ	১২-০৭-২০২৪ থেকে ১৮-০৭-২০২৪
৫।	দ্বিতীয় পর্যায়ের ভর্তির জন্য মেধা তালিকা প্রকাশের তারিখ	২৩-০৭-২০২৪
৬।	দ্বিতীয় পর্যায়ের ভর্তির জন্য মেধাতালিকা অনুযায়ী অনলাইনে ভর্তির তারিখ	২৩-০৭-২০২৪ থেকে ২৬-০৭-২০২৪

1. B.A. Honours & Honours with Research:

Bengali/English/Education/History/Philosophy/Political Science/
Sanskrit

2. B.A. Multidisciplinary

(Bengali/English/Education/History/Philosophy/Political Science/
Sanskrit)

3. B.Com. Honours & Honours with Research

4. B.Com. Multidisciplinary



এখন এক ক্লিকেই বাংলায় স্নাতকস্তরে ভর্তির সুযোগ

মাননীয় মুখ্যমন্ত্রী

মমতা বন্দ্যোপাধ্যায়ের

দূরদর্শী নেতৃত্বে চালু করা হয়েছে

সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টাল

এই পোর্টালের মাধ্যমে পশ্চিমবঙ্গের ১৬টি বিশ্ববিদ্যালয়* এবং ৪৬১টি সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত কলেজে* / উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে* স্নাতকস্তরে ভর্তি হওয়ার সুযোগ।

বিশদে জানার জন্য <https://banglaruchchashiksha.wb.gov.in/> অথবা <https://wbsche.wb.gov.in/> ওয়েবসাইটে গিয়ে 'Centralised Admission Portal' ট্যাবটি ক্লিক করুন অথবা <https://wbcap.in/>-এ নজর রাখুন অথবা স্ক্যান করুন পাশের কিউ আর কোড-টি।



<https://www.youtube.com/@BanglarUchchashiksha>

<https://www.facebook.com/142340622291427>

<https://www.instagram.com/bngushiksha/>

https://www.twitter.com/b_uchchashiksha-এ নজর রাখুন।



আপনার নিকটস্থ বাংলা সহায়তা কেন্দ্র থেকে কলেজে ভর্তির জন্য বিনামূল্যে সহায়তা গ্রহণ করুন।
www.bsk.wb.gov.in

* প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়, যাদবপুর বিশ্ববিদ্যালয়, স্বশাসিত কলেজ, সংখ্যালঘু শিক্ষাপ্রতিষ্ঠান/কলেজ, বি. এড., আইন, চারুকলা ও প্রয়োগকলা, কারিগরি, নৃত্য, সঙ্গীত কলেজ/কোর্স, ইঞ্জিনিয়ারিং, ফার্মাসি, নার্সিং, মেডিক্যাল কোর্স পড়ানো হয় এমন কলেজ, সেলফ ফিন্যান্সিং/প্রাইভেট কলেজ এই সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালের আওতার বাইরে থাকবে।

পশ্চিমবঙ্গ রাজ্য উচ্চশিক্ষা সংসদ | উচ্চশিক্ষা বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

যে-কোনো প্রশ্ন এবং সহায়তার জন্য যোগাযোগ করুন
টোল-ফ্রি নম্বর- ১৮০০ ১০২ ৮০১৪ অথবা ই-মেইল করুন support@wbcap.in-এ।

সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালের সুবিধাবলী:

- এই পোর্টালের মাধ্যমে দেশের যে-কোনো প্রান্তের একজন দ্বাদশ শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থী একইসঙ্গে পোর্টালের আওতায় থাকা পশ্চিমবঙ্গের সমস্ত উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে তাঁর পছন্দের স্নাতকস্তরের কোর্স/প্রোগ্রামে আবেদন করতে পারবেন। তাঁকে পৃথক পৃথকভাবে বিভিন্ন প্রতিষ্ঠানের ওয়েবসাইটে খুঁজতে হবে না।
- এই পোর্টালের মাধ্যমে আবেদন করার জন্য কোনো আবেদনমূল্য লাগবে না।
- এই পোর্টালে সর্বাধিক ২৫ টি কোর্স/প্রোগ্রামে আবেদন করা যাবে।
- আবেদনকারীর সুবিধার জন্য আবেদন ও ভর্তি-প্রক্রিয়ার প্রতিটি ধাপে SMS-এর মাধ্যমে নির্দেশিকা পাঠানো হবে।
- এই পোর্টালের আওতায় থাকা সমস্ত উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেকটি কোর্সের মেরিট লিস্ট একই সময়ে প্রকাশিত হবে।
- এই পোর্টালে আবেদনকারীকে তাঁর উচ্চতর পছন্দ ও লাভ্য আসনের ভিত্তিতে একটিমাত্র আসন বরাদ্দ করা হবে।
- এই পোর্টালে আবেদনকারীর ভর্তির পরেও আপগ্রেড করার সুযোগ থাকবে।
- পোর্টালের মাধ্যমেই ভর্তি সংক্রান্ত সমস্ত রকমের ফি জমা দেওয়া যাবে।
- এই পোর্টালে আবেদনকারীকে এক বারই অ্যাডমিশন ফি দিতে হবে। যদি আপগ্রেডেশনের পর পূর্ববর্তী ভর্তি বাতিল করে তিনি নতুন কোর্স/প্রোগ্রামে ভর্তি হতে চান তাহলে তাঁকে নতুন কোর্সের অতিরিক্ত ফি-টুকুই (যদি থাকে) দিতে হবে। নতুন কোর্সের ফি কম হলে ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পর তিনি অর্থ ফেরত পাবেন।

আবেদন করার জন্য প্রয়োজনীয় নথি / তথ্য

- আবেদনকারীর বৈধ মোবাইল নম্বর
- আবেদনকারীর বৈধ ইমেইল আইডি
- আবেদনকারীর রঙিন ছবি
- আবেদনকারীর স্বাক্ষর
- বয়সের প্রমাণপত্র (জন্মের শংসাপত্র, দশম শ্রেণির অ্যাডমিট কার্ড/দশম শ্রেণির রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইত্যাদি)
- দশম শ্রেণি বা সমতুল্য পরীক্ষার মার্কশিট
- দ্বাদশ শ্রেণি বা সমতুল্য পরীক্ষার মার্কশিট
- SC / ST/ OBC-A/ OBC-B/ EWS ইত্যাদির শংসাপত্র (প্রযোজ্য হলে)
- PWD শংসাপত্র (প্রযোজ্য হলে)
- বৈধ পরিচয়পত্র (আধার, ভোটার আই কার্ড, ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট ইত্যাদি)
- বাংলার শিক্ষা আই ডি (যদি থাকে)
- আবেদনকারীর ব্যাঙ্কের তথ্য : ব্যাঙ্কের অ্যাকাউন্ট নম্বর ও IFSC সম্বলিত চেক/ পাসবইয়ের প্রথম পৃষ্ঠা/ ব্যাঙ্ক স্টেটমেন্টের প্রাসঙ্গিক পৃষ্ঠা।

পশ্চিমবঙ্গ রাজ্য উচ্চশিক্ষা সংসদ | উচ্চশিক্ষা বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার